ইতালিতে জাতীয় শোক দিবস পালন

ইতালী আওয়ামী লীগ ভেনিস শাখার আয়োজনে জাতীয় শোক দিবস পালিত হয়েছে । সকালে ভেনিসের মেস্রের হল রুমে আয়োজিত অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত,বাংলাদেশের জাতীয় সংগীত এবং সকল শহীদদের আত্মার মাগফেরাতের জন্য এক মিনিট নীরবতা পালন করা হয়।

ভেনিস আওয়ামি লীগের ভারপ্রাপ্ত সভাপতি রুহুল আমিনের সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক আক্তার হোসেন ব্যাপারীর পরিচালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সাবেক আনকোনা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, ইতালী আওয়ামী লীগ নেতা মুজিবুর রহমান সরকার। অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন ভেনিস আওয়ামী লীগের সহ-সভাপতি আলাউদ্দিন ফকির, সহ-সভাপতি মিয়া মোসলেম, সহ-সভাপতি খোরশেদ মাঝি, সহ-সভাপতি কিশোর খন্দকার, সহ-সভাপতি নুর আলী পাঠান জিল্লু, সহ-সভাপতি আল মামুন ঢালী, সহ-সভাপতি জিল্লু খলিফা, সাবেক সাধারন সম্পাদক মাহবুবুর রহমান, সাংগঠনিক সম্পাদক আজাদ খান, সাংগঠনিক সম্পাদক সোহানুর রহমান উজ্জল, যুগ্ন সাধারন সম্পাদক শাহ আলম হাওলাদার, যুগ্ন সাধারন সম্পাদক রোমান মাল।

এছাড়াও আঞ্চলিক সমিতির নেতৃবৃন্দের মধ্যে বাংলাদেশ সমিতি ভেনিসের উপদেষ্টা আব্দুল বারি, বাংলাদেশ সমিতির উপদেষ্টা কুদ্দুস চৌধুরী, দোহার ঐক্য পরিষদের প্রধান উপদেষ্টা জাওয়ার মোড়ল, বৃহত্তর ঢাকা অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোস্তাক আহমেদ, ভৈরব সমিতির সভাপতি সোলেমান হুসাইন, ভেনিস আওয়ামী লীগ নেতা দেলোয়ার হোসাইন,জামাল খান, ইকবাল হাওলাদার শামিম হাসান আবিদ, গাজী আমিরুল ইসলাম,আবিদ খান, জাহাঙ্গীর আলম, খন্দকার বাবুল, ইলিয়াস হোসেন প্রমুখ ।

প্রধান আলোচক তার বক্তব্যে বলেন আমাদেরকে সর্বদা সতর্ক থাকতে হবে যাতে করে মানুষরূপী অমানুষ গুলো আমাদের ভিতরে না ঢুকতে পারে। যেমন করে বঙ্গবন্ধুর কাছের লোকরাই তাকে হত্যা করেছিল এই দিনে। আমাদের নিজেদের মধ্যে ভেদাভেদ বাদ দিয়ে একসাথে হয়ে কাজ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে আরও জোরালো করতে হবে। অনুষ্ঠানে মাওলানা হাবিবুর রহমান এর পরিচালনায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের আত্মার মাগফেরাত করে দোয়া কামনা করেন। শেষে সকলের মাঝে তবারক বিতরণ করা হয়।